

করোনিয়াল তদন্ত সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

প্রশ্ন	উত্তর
‘মুখ্য করোনার এখন আনুষ্ঠানিকভাবে একটি করোনিয়াল তদন্ত শুরু করেছেন’ এর অর্থ কী?	এর অর্থ হল যে মুখ্য করোনার সিদ্ধান্ত নিয়েছেন যে মসজিদ হামলায় হওয়া মৃত্যু সংক্রান্ত এমন কিছু বিষয় রয়েছে যা ফৌজদারি মামলা এবং রয়েল কমিশন অব ইনকোয়ারি দ্বারা সমাধান করা হয়নি। তদন্ত শুরু করলে মৃত্যুর কারণ ও পরিস্থিতি সম্পর্কে আরও বিস্তারিত অনুসন্ধান করা সম্ভব হয়।
তদন্ত কাকে বলে?	কোথায়, কখন এবং কীভাবে একজন ব্যক্তির মৃত্যু হয়েছে সে সম্পর্কে আরও জানতে একজন করোনার একটি তদন্ত করেন। একটি তদন্ত করোনারকে এমন সুপারিশ বা মন্তব্য করতেও সাহায্য করে যা ভবিষ্যতে একই ধরনের মৃত্যু রোধ করতে পারে।
তদন্তের সরাসরি মানে কি এই যে একটি ইনকোয়েস্ট বা জিজ্ঞাসাবাদ করা হবে?	না। করোনার সিদ্ধান্ত নেন যে তাদের তদন্ত পরিচালনার অংশ হিসেবে কোনও ইনকোয়েস্ট বা জিজ্ঞাসাবাদের প্রয়োজন আছে কিনা।
একটি তদন্তে কে কে জড়িত হতে পারে?	শহীদদের পরিবারের যেকোনও সদস্য, আইনী প্রতিনিধি এবং করোনিয়াল তদন্তে আগ্রহী পক্ষ হিসেবে করোনার দ্বারা স্বীকৃত ব্যক্তির তদন্তে জড়িত হতে পারেন। মসজিদ হামলার করোনিয়াল তদন্তে আগ্রহী পক্ষ হতে কীভাবে আবেদন করতে হবে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://coronialservices.justice.govt.nz/masjid-attacks-coronial-process/interested-parties/ দেখুন।
তদন্তের পরবর্তী পদক্ষেপগুলি কী?	করোনার বর্তমানে তদন্তের পরবর্তী পদক্ষেপগুলি বিবেচনা করছেন। আপনি https://coronialservices.justice.govt.nz/masjid-attacks-coronial-process/ এ গিয়ে এই সিদ্ধান্তগুলির বিষয়ে সব খবর রাখতে পারেন।